সভাপতি, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০১৭ - ৩০ জুন ২০১৮

# সূচিপত্র

## মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

## উপক্রমণিকা

সেকশন-১ঃ মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি।

সেকশন-২ঃ মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ।

মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the performance of Madaripur PBS)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

- সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ ঃ

মাদারীপুর জেলার মাদারীপুর, রাজৈর, শিবচর, কালকিনি উপজেলা এবং বরিশাল জেলার মুলাদী উপজেলার আংশিক এলাকা সমন্বয়ে ১১০৪ বর্গ কিলোমিটার এলাকা নিয়ে মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রুপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে মাদারীপুর পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে মার্চ ২০১৭ খ্রিঃ পর্যন্ত ৩৬৪৬.৪১৩ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মান সম্পন্ন করা হয়েছে। মার্চ ২০১৭ খ্রিঃ পর্যন্ত ২১০২২৮ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ০৬ টি উপকেন্দ্রের মধ্যে মাদারীপুর সদর উপকেন্দ্রটি ২০এমভিএ উন্নতী করা হয়েছে এবং বাংলাদেশ বিদ্যুতায়ন বোর্ডের ইউআরইডিএস প্রকল্পের আওতায় ০৩টি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ কাজ চলমান আছে । অত্র পবিসের টেকেরহাট ৩৩ কেভি ফিডারের ১.৯৮ কিলোমিটার , শিবচর ৩৩ কেভি ফিডারের খোয়াজপুর উপকেন্দ্রের সোর্স পয়েন্টে ১.৫৩ কিলোমিটার এবং মাদারীপুর ৩৩ কেভি ফিডারের ০.০৩৩ কিলোমিটার ৪/০ কন্ডাক্টর তার পরিবর্তন করে ৪৭৭এমসিএম কন্ডাক্টর স্থাপন করা হয়েছে ফলে সিষ্টেম লস্ লক্ষ্যমাত্রার মধ্যে আনয়নের সম্ভাবনা রয়েছে। গত অর্থ বছরে বকেয়া মাস ১.১৫ অর্জন করা হয়েছে। জুন/১৭ইং ০১ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে এবং ডিসেম্বর-১৭ নাগাদ ০১ টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবে।

- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ ঃ

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৫৫ মেঃওঃ। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গিয়েছে। আগামী গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। শিবচর ৩৩ কেভি লাইনে প্রায় ২৮ কিলোমিটার ৪/০ কন্ডাক্টর পরিবর্তন কাজ চলমান রয়েছে। তাছাড়া অত্র সমিতির ৩৬৪৬.৪১৩ কিঃ মিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-পালা সমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ন অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে অস্বচ্ছল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবি বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার , মিটার ও সার্ভিস ড্রপ নগদমূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি সমস্যা।

- ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে মাদারীপুর পবিস এর আওতাধীন রাজৈর উপজেলা আগামী জুন-২০১৭ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে। মাদারীপুর সদর উপজেলা আগামী ডিসেম্বর/১৭ ,কালকিনি উপজেলা- জুন/১৮ এবং শিবচর উপজেলা-ডিসেম্বর/১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়ন করা হবে ।গ্রাহকগনের চাহিদা পূরনের লক্ষ্যে ডিডিপি-২ প্রকল্পের আওতায় ০২টি (২০এমভিএ) , ১.৫ মিলিয়ন প্রকল্পের আওতায় ০২টি( ২০এমভিএ) এবং শতভাগ প্রকল্পের আওতায় ০১ টি ১০ এমভিএ নির্মান করা হবে । এছাড়া আরো ০৪টি উপকেন্দ্র নির্মানের পরিকল্পনা রয়েছে ।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

০১। অত্র পবিসের আওতাধীন তিনটি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন করা ।
০২। ০৩টি উপকেন্দ্র নির্মাণ ।
০৩। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি ।
০৪। বকেয়া মাস ১.১৫ অর্জন করা ।
০৫। খোয়াজপুর ৫ এমভিএ উপকেন্দ্রটি ১০ এমভিএতে উন্নিত করা ।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরনের মাধ্যমে রুপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে মাদারীপুর পবিস কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে।

সভাপতি, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখের এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

# সেকশন -১

**মাদারীপুর পবিস -** এর রুপকল্প মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি- এর রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

১.১ রুপকল্প (Vision) : মাদারীপুর পবিস- এর আওতাধীন সকল জনগনকে মানসম্মত বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : ডিসেম্বর-২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :**

০১॥ বিদ্যুৎ বিতরন খাতের উন্নয়ন।

০২॥ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।

০৩॥ বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।

০৪॥ আর্থিক সক্ষমতা অর্জন।

**১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ**

০১॥ দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা ।

০২॥ কর্মপদ্ধতি ও সেবার মনোন্নয়ন ।

০৩॥ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।

০৪॥ কর্ম পরিবেশ উন্নয়ন।

০৫॥ তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।

০৬॥ আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

**১.৪ কার্যাবলি (Functions):**

০১॥ বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরন ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠিকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।

০২॥ কারিগরী উন্নয়নের মাধ্যমে সিষ্টেম লস্ হ্রাসকরন।

০৩॥ বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমূখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।

০৪॥ অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মনোন্নয়ন।

০৫॥ পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।

০৬॥ নতুন গ্রাহক সংযোগ সহজীকরন।

০৭॥ বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।

০৮॥ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।

০৯॥ গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।

১০॥ বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।

১১॥ সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিককরনের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা করা

১২॥ সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।

১৩॥ ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।

সেকশন-২

কৌশলগত উদ্দেশ্য,অগ্রাধিকার,কাযক্রম,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

মাদারীপুর পবিস

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* ডিসেম্বর'১৬ পর্যন্ড় | অসাধারণ | অতিউত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [illegible] কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | 1 System Loss (Grid Meter) [ % ] (w/o resale) | % | ২৮ | ১৪.১২% | ১১.৫৪% | ১১.৫০% | | | | | | |
| | | | 2 Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ১.১৬ | ১.৩৫ | ১.১৫ | | | | | | |
| | | | 3 Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ৯৮.৬১% | ৯৩.৭৩% | ৯৯.০০% | | | | | | |
| | | | 4 Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৪.৬৯% | ৮২.৯১% | ৮৭.৬২% | | | | | | |
| | | | 5 Recovery of amounts written=off | % | ১ | ০.০০% | ০.০০% | ৫.০০% | | | | | | |
| | | | 6 Payment of debt service liability (Tk' 000) | Tk | ৭ | ২,৯২০ | - | ৪০,০০০ | | | | | | |
| | | | 7 O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ২ | ১.১৯ | ১.২২ | ১.৪০ | | | | | | |
| | | | 8 Rev. / KM of Line w/o resale (TK)' 000 | Tk | ১ | ৩১৬ | ১৮১ | ৩৫০ | | | | | | |
| | | | 9 Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ২৫.২৯% | ৩১.৮৪% | ২৫.০০% | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৫.৫৩% | ২.৪৪% | ৪.০০% | | | | | | |
| | | | 11 Percentage of Damaged Transformer repaired | % | ১ | ৬৩% | ৪০% | ১০০% | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place – (Except irrigation) | % | ২ | ১.৩৮% | ৭.১৮% | ৩.০০% | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ৫০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৯০% | ১০০% | ৮০% | | | | | | |
| | | | 14 Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ৯৭% | ২% | ১০০% | | | | | | |
| | | | 15 Improvement of Power Factor | | ১ | ০.৯২ | ০.৯৬ | ০.৯২ | | | | | | |
| | | | 16 Action on Meter Report | % | ১ | ১০০% | ৫০২ | ১০০% | | | | | | |
| | | | 17 Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ১৫৯ | ২২ | ৭৫ | | | | | | |
| | | | 18 Implementation of Annual Development Program (Issuance of Staking Sheet) | % | ১ | ১৪৫% | ১০০% | ১০০% | | | | | | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | 19 Timeliness to attend Consumer's complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 20 System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১৩৭৫ | ৪২৯ | ১৫০০ | | | | | | |
| | | | 21 System Average interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ৩১.৪৩ | ১০ | ৭৮ | | | | | | |
| | | | 22 % of overloaded Transformer | % | ২ | ৯৬% | ৫২% | ০.৫০% | | | | | | |
| | | | 23 % of New Connected Consumers | % | ৩ | ৯৭% | ৪৩% | ১০০% | | | | | | |
| | | | 24 Accounts Payable | Month | ১ | | ১.০০ | ১.০০ | | | | | | |

প্রকৌঃ সৈয়দ কামরুল হাসান
মহাব্যবস্থাপক
মাদারীপুর পবিস।

জনাব মোঃ মজিবর রহমান
সভাপতি, সমিতি বোর্ড
মাদারীপুর পবিস।

# মাঠ পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
## (মোট নম্বর-২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ১ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১১ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | | | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ (Target Value -2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার [illegible] জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

প্রকৌঃ সৈয়দ কামরুল হাসান
মহাব্যবস্থাপক
মাদারীপুর পবিস।

জনাব মোঃ মজিবুর রহমান
সভাপতি, সমিতি বোর্ড
মাদারীপুর পবিস।

* ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘণ্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, সভাপতি, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড- এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

| স্বাক্ষী ঃ | স্বাক্ষরিত |
|---|---|
| | তারিখ ঃ ১৫-০৬-১৭ খ্রিঃ |
| ---------------------- | ---------------------- |
| জেনারেল ম্যানেজার | সভাপতি |
| মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি | মাদারীপুর পল্লী বিদ্যুৎ সমিতি |
| মহাব্যবস্থাপক<br>মাদারীপুর পবিস। | জনাব মোঃ মজিবুর রহমান<br>সভাপতি, সমিতি বোর্ড<br>মাদারীপুর পবিস। |
| ---------------------- | ---------------------- |
| পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন | সচিব |
| বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড |
| ([illegible] ফারুক ভুঁইয়া)<br>পরিচালক<br>পবিস ব্যঃ পঃ পরিদপ্তর (দঃ) | (হাসিনা বেগম)<br>উপ-সচিব (বোর্ড)।<br>[illegible] |